

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এমআই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৬৪৮	তারিখঃ- ২৬/৮/২৬	এহদনকারীঃ- [স্বাক্ষর]	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
www.pwd.gov.bd
সংস্থাপন শাখা-৩

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.০০০.২২০.০৭.০৩০.২০১৫-২০১৮

তারিখঃ ২৬-১২- ১৪৩২ বঙ্গাব্দ
০৬-০৮- ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ঠিকাদারি প্রতিষ্ঠান (সম্মিলিত) “ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স লিমিটেড” এর ব্যবস্থাপনা পরিচালক পরিবর্তন, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ সনের নবায়ন ফি বিধি মোতাবেক জরিমানাসহ জমা প্রদানের অনুমতি প্রসঙ্গে।

সূত্রঃ নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা এর ১২/০১/২০২৬ তারিখের ২৬৮৬ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের ঠিকাদারি প্রতিষ্ঠান (সম্মিলিত) “ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স লিমিটেড” (তালিকাভুক্তি ক্রমিক নম্বর-৩৩/১৯৯১-৯২), ব্যবঃ পরিচালক-রিজওয়ান মোস্তাফিজ, ঠিকানা-বাড়ি নং-৩৬, সড়ক নং-১১৫, গুলশান, ঢাকা। উক্ত প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে জনাব রায়হান মোস্তাফিজকে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পরিবর্তন, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ সনের নবায়ন ফি বিধি মোতাবেক জরিমানাসহ জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

(ক) এখন হতে উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক-রায়হান মোস্তাফিজ, গণপূর্ত অধিদপ্তরের সাথে যাবতীয় কাজ সম্পাদন ও স্বাক্ষর করতে পারবেন।

(খ) ব্যবস্থাপনা পরিচালক: রায়হান মোস্তাফিজ এর ছবি, নির্বাহী প্রকৌশলী(ওএন্ডএম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক সত্যায়িত পার্শ্বে প্রথিত হলো।

(গ) ব্যবস্থাপনা পরিচালক: রায়হান মোস্তাফিজ যথারীতি গণপূর্ত অধিদপ্তরের সঙ্গে পূর্বের নামে সকল কাজের দায়-দায়িত্ব বহন করতে বাধ্য থাকবেন।

(ঘ) নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা এর দপ্তরে অত্র আদেশ দেখিয়ে রেজিস্ট্রেশন বইয়ে বর্তমান মালিক এর ছবি প্রথিত ও নমুনা স্বাক্ষর লিপিবদ্ধ করবেন।

(ঙ) আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র ডুয়া প্রমাণিত হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

(চ) তালিকাভুক্তির বিধিমালা ও প্রকিউরমেন্ট রুলস মেনে চলতে হবে।

সংযুক্তিঃ ১। পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি-১ (এক) কপি।

২। নমুনা স্বাক্ষর-১ (এক) কপি।



মুহাম্মদ সারওয়ার জাহান
০৭/০৮/২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২২২৩৩৮০৯৯৯

ই-মেইল: se_est@pwd.gov.bd

জনাব রায়হান মোস্তাফিজ

ব্যবস্থাপনা পরিচালক

ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স লিঃ

ঠিকানা-বাড়ি নং-৩৬, সড়ক নং-১১৫, গুলশান, ঢাকা।

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.০০০.২২০.০৭.০৩০.২০১৫-

২০১৮/১(২)

তারিখঃ ২৬-১২- ১৪৩২ বঙ্গাব্দ
০৬-০৮- ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা। ঠিকাদারি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকের সত্যায়িত ০২(দুই) কপি ছবি ও ০১(এক) সেট নমুনা স্বাক্ষর এতদসঙ্গে প্রেরণ করা হলো। ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ সনের নবায়ন ফি বিধি মোতাবেক জরিমানাসহ পরিশোধ সাপেক্ষে একটি ডুপ্লিকেট রেজিস্ট্রেশন বই ইস্যু করতঃ তালিকাভুক্তির ক্রমিক নম্বর এবং সন লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।

✓ ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সাকিলা ইসলাম
০৬/০৮/২৬

নির্বাহী প্রকৌশলী(ওএন্ডএম)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৪৫৫৪

ই-মেইল: ee_om@pwd.gov.bd